# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 JANUARY 2025                    7:45—7:55**

---------------------------------------------------------------------------------------------------

১)  ওয়াল্ড ইকনমিক ফরামের সম্মেলনে অংশ গ্রহণের উদ্দেশ্যে সুইজারল্যান্ডের পৌছনো মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মাকে জুরিখ বিমানবন্দরে প্রবাসী ভারতীয়দের স্বাগত ।

২) আগামী ৬ ই ফেব্রুয়ারী গৌহাটীতে আত্মনির্ভর অসম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অর্থ বিতরণ কার্যসূচী আরম্ভ ।

৩) জুবিন গার্গ সম্পর্কে আপত্তিজনক মন্তব্য করার জন্য শিখা শর্মা নামের একজন মহিলাকে পুলিশের আটক ।
এবং

৪) আসাম বিশ্ববিদ্যালয়ের তিনদিনব্যাপী ২৩ তম সমাবর্তন আজ থেকে শুরু ।

---------------------------------------------------------------------------------------------------

সুইজারল্যান্ডের ডাভসে আজ থেকে আরম্ভ হোয়া ওয়াল্ড ইকনমিক ফোরামের সম্মেলনে অংশ গ্রহণের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ ঐ দেশে পৌচেছেন । মুখ্যমন্ত্রীকে জুরিখ বিমানবন্দরে ঐ দেশের ভারতীয়রা আন্তরিকভাবে স্বাগত জানান । ড: শর্মা জুরিখে সিংগাপুরের রাষ্ট্রপতি থারমান চন্মুগরত্নমের সংগে সাক্ষাৎ করে রাষ্ট্রপতির সংগে মত বিনময় করেন । তিনি অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু , কেন্দ্রীয় মন্ত্রী রামমোহন নাইডু ও বিশ্বব্যাংকের অধ্যক্ষ অজয়  বাংগাকোরের সংগে ও সাক্ষাৎ করেন । আসামের প্রতিনিধি হিসেবে মুখ্যমন্ত্রী ড: শর্মা সম্মেলনে অংশ গ্রহণের সুযোগ লাভ করা তাৎপর্যপূর্ন হিসেবে বিবেচিত হচ্ছে ।এই সম্মেলনে ভারতের বেশ কয়েকটি প্রথমসারির রাজ্যের প্রতিনিধি ও অংশ গ্রহণ করেছেন । ডাভসে বিশ্বের শিল্পপতি ,

অর্থনীতিবিদ , বহুজাতিক কোম্পানীর মুখ্য কার্যবাহী আধিকারিক , বিশ্বব্যাংক , আর্ন্তজাতিক মুদ্রানিধি , বিশ্ব বানিজ্য সংস্থার প্রধানরা সহ ওয়াল্ড ফোরামে আসামকে প্রতিনিধিত্ব করা মুখ্যমন্ত্রী ড: শর্মা হচ্ছেন প্রথম অসমীয়া । এই ফরামে অংশ গ্রহণের আধ্যমে আসামে আর্থিক ক্ষেত্রে অংশীদারিত্ব শক্তিশালী করা । বিনিয়োগ আকর্ষন করা , স্থানীয় উন্নয়ন ও প্রযুক্তিগত উদ্ভাবনে রাজ্যকে প্রথমসারিতে নিয়ে যাওয়ার দিকে সহায়ক হবে । মুখ্যমন্ত্রীর এই ফরামে কম করে ও ১৭ টি বেঠকে অংশ গ্রহণ করা সহ বেশ কয়েকটি সমঝোতা চুক্তিতে সাক্ষর করার কথা রয়েছে ।সম্মেলনের ৫৬ তম এই বার্ষিক বেঠকে বিশ্বের ৩ হাজারের ও বেশী নেতার অংশ গ্রহণের কথা রয়েছে । আগামী ২৩ শে জানুয়ারী সম্মেলনের সমাপ্তি হবে ।

---

মুখ্যমন্ত্রী আত্মনির্ভর অসম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অর্থ বিতরণ কার্যসূচী আগামী ৬ ই ফেব্রুয়ারী গৌহাটীতে আরম্ভ করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যমে একথা জানিয়ে বলেন যে এই প্রকল্পের অধীনে রাজ্যের ৭৫ হাজার যুবক স্বনির্ভরের জন্য ২ লক্ষ টাকা করে লাভ করবে । সমগ্র রাজ্যে ১৫ ফেব্রুয়ারীর মধ্যে এই প্রকল্পের অর্থ বিতরণ প্রক্রিয়া সম্পূর্ন করা হবে বলে তিনি জানান ।

---

শিল্পী জুবিন গার্গ সম্পর্কে আপত্তিজনক মন্তব্য করার অভিযোগে শিখা শর্মা নামের একজন মহিলার বিরুদ্ধে শিল্পীর পত্নি গরিমা গার্গ পাণবাজার থানায় এজাহার দাখিল করেছেন । ঐ মহিলা দীর্ঘদিন থেকে জুবিন গার্গ সম্পর্কে সামাজিক মাধ্যমে আপত্তিজনক কথা লিখে আসছিল । গরিমা শইকীয়া গার্গের এজাহারের ভিত্তিতে পাণবাজার পুলিশ ইতিমধ্যে ঐ মহিলাকে আটক করেছে । গৌহাটীর পাথরকুয়েরীর নিলাচল এপার্টমেন্ট থেকে পুলিশ ঐ মহিলাকে আটক করে ।পুলিশ আটক করার পর গরিমা শইকীয়া গার্গ সামাজিক মাধ্যমে আসাম পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন ।

---

রাজ্য সরকার পুলিশ কনস্টেবল পদের আবেদনের জন্য বয়সের উর্দ্ধসীমা বর্তমানের ২৫ বছর থেকে একবছর বৃদ্ধি করে ২৬ বছর করেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল সামাজিক মাধ্যমে একথা প্রকাশ করে আবেদনের সময়সীমা ১৫ দিন বৃদ্ধি করা হয়েছে বলে জানান ।অনুরূপভাবে এ ডি আর ই’র মাধ্যমে চাকুরীতে যোগদান করা ব্যক্তি সহ রাজ্য সরকারের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পারস্পরিক বদলির আবেদনের জন্য স্বাগত সতীর্থ পোর্টেলটি আগামী মাসে পুনরায় চালু করা হবে বলে জানান ।এ ডি আর ই’র জন্য আবেদন করা দিব্যাংগ প্রার্থী যারা পূর্বে মিডিক্যাল

পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছিলেন তাদের জন্য দ্বিতীয়বার মেডিক্যাল পরীক্ষার ব্যবস্থা করা হবে বলে তিনি জানান । অপ্রাদেশিকৃত বিদ্যালয়ের শিক্ষকদের আবেদনের পোর্টেলটি শীঘ্র চালু করতে শিক্ষা বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

--------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ জাতীয় দূর্যোগ ব্যবস্থাপনা বাহিনীর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বাহিনীর আধিকারীক কর্মচারীদের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী দেশে দূর্যোগের সময় নিষ্ঠা ও অবিচলভাবে নিজেজেদের কাজে নিমগন থাকা এন ডি আর এফের আধিকারীক কর্মচারীদের প্রশংশা করেন । শ্রী মোদী বলেন যে এন ডি আর এফ অতি প্রত্যাহ্বান জনিত পরিস্থিতিতেও জীবনের সুরক্ষা ও সহায়তা প্রদান করে জনমানসে আশার সঞ্চার করে । এটি সবচাইতে প্রশংশনীয় সেবা বলে উল্লেখ করে তিনি বলেন যে এন ডি আর এফ আন্তর্জাতিক স্তরেও প্রশংশিত হয়েছে ।
স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সামাজিক মাধ্যমে এক বার্তায় এন ডি আর এফকে বিশ্বাসের স্তম্ভ আখ্যা দিয়ে বলেন যে দূর্যোগের সময় দেশ এন ডি আর এফের ওপর ভরসা করে । দেশকে দূর্যোগ প্রতিরোধি হিসেবে গড়ে তোলার জন্য সরকারের গ্রহণ করা সংকল্প সফল করার ক্ষেত্রে এন ডি আর এফ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে বলে তিনি উল্লেখ করেন ।তিনি এন ডি আর এফের শহীদদের প্রতিও শ্রদ্ধা নিবেদন করেন ।

--------------------------------------------------------------------------------

শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন সমারোহ আজ থেকে বিশ্ববিদ্যালয়ের নেতাজী সুভাষ চন্দ্র বসু মুক্ত মঞ্চে শুরু হয়েছে । তিন দিনের এই সমাবর্তন সমারোহে আজ প্রথম দিন ১৯৯৯ সাল ব্যাচের ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক পার্থ সারথি মহন্তকে সম্মানীয় ডক্টর অব লিটারেচার , ডিলিট ডিগ্রী প্রদান করা হয়েছে । সমাবর্তন সমারোহের আজ প্রথম দিন বেলুর মঠের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশন এন্ড রির্সাচ ইনষ্টিটিউটের প্রো-চ্যান্সেলর স্বামী আত্মপ্রিয়নন্দজী মহারাজ আনুষ্ঠানিকভাবে শ্রীমহন্তের হাতে ডিলিট ডিগ্রী তুলে দিয়েছেন । আজকের সমাবর্তন সমারোহে আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য অরূপ রাহা এবং উপাচার্য রাজীব মোহন পন্থ উপস্থিত ছিলেন । উল্লেখ্য এবারের সমাবর্তন সমারোহে মোট ১৩ হাজার ৬শ ৬৬ জন ছাত্র-ছাত্রীকে বিভিন্ন বিষয়ের উপর ডিগ্রী প্রদান করা হবে ।
ডিলিট ডিগ্রী গ্রহন করে আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে পার্থ সারথি মহন্ত জানান--------

বাইট

---

কামরূপ জেলার রঙিয়ার অতিরিক্ত জেলা ও সেসন জাজের আদালতের এক রায়ে আজ হত্যাকান্ডের অপরাধে ৪ জন লোককে যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত করা হয়েছে । ২০১৮ সালের ১৬ ই জানুয়ারি উত্তর গুয়াহাটীর ফুলুং গ্রামের একই পরিবারের দুজন মহিলা সহ চারজন ব্যক্তির বিরুদ্ধে তাদের পরিবারেরই একজন সদস্যকে হত্যার অভিযোগে মামলা দায়ের করা হয়েছিল । ৮ বছর ধরে এই মামলার বিচার প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আদালত আজ এই রায় দান করে ।

---

কাছাড় জেলায় আগামী ২৬শে জানুয়ারী ৭৭তম সাধারনতন্ত্র দিবস উদযাপন উপলক্ষ্যে নিরাপত্তা সংক্রান্ত বিষয় নিয়ে আজ একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত আয়ুষ গার্গের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলা আয়ুক্ত শ্রী গার্গ জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা করেন এবং পুলিশ প্রশাসনকে উচ্চ সতর্ক থাকার নির্দেশ দেন । জেলা আয়ুক্ত আন্ত রাজ্য এবং আর্ন্তজাতিক সীমান্ত এলাকায় নজরদারী আরো কঠোর করার নির্দেশ দেন । আজকের সভায় আসাম পুলিশের শীর্ষ আধিকারীক সহ আসাম রাইফেলস , সীমান্ত সুরক্ষা বাহিনী , কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী , গোয়েন্দা সংস্থার আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

দক্ষিণ শ্রীভূমি পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে কাটারগুল ও তেলীপাড়া হয়ে টুকেরবাজার থেকে বারইগ্রাম পেচারপার সড়ক এবং বারইগ্রাম পূর্ত সড়ক থেকে বাদেজামা সড়কে আই সি বি পি ব্লক বসানোর কাজের জন্য আগামীকাল থেকে ওই সড়কগুলি দিয়ে সব ধরনের যান বাহন চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে এই সড়কগুলি বন্ধ থাকাকালীন সময়ে জনগনকে বিকল্প সড়ক হিসেবে ভিতরগুল সড়ক হয়ে কাটারগুল থেকে সোনাতলা পূর্ত সড়ক এবং নবিপুর হয়ে বাদেজামা থেকে বারইগ্রাম রেলওয়ে গেইট সড়ক হয়ে যান বাহন চলাচল করতে পারবে ।

---

নরসিংপুরের শ্রীকান্ত গোস্বামী স্মৃতি নরসিংপুর প্রিমিয়ার লীগ সিজন ওয়ান এইট এ সাইড ক্রিকেট প্রতিযোগীতার ফাইনালে নরসিংপুর লিজেন্ড দল বিজয়ী হয়েছে । গতকালের ফাইনাল খেলায় তারা প্রতিপক্ষ কিশোর সংঘ নতুনবাজার দলকে ২৩ রানে পরাজিত করে । প্রথমে ব্যাট করতে নেমে নরসিংপুর লিজেন্ড দল ৮ ওভারে মোট ৮৭

রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে কিশোর সংঘ নতুনবাজার ৭ ওভার এক বল খেলে সব উইকেট হারিয়ে ৬৪ রান তুলতে সক্ষম হয় । ফাইনাল ম্যাচ দেখতে এদিন মাঠে বিধায়ক নীহার রঞ্জন দাস , মাতৃভূমি সামাজিক সংস্থার সভাপতি সীতাংশু দাস , কাছাড় নাথ যোগী সম্মিলনীর সাধারন সম্পাদক সৌমিত্র নাথ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------